

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী—‘মুজিব বর্ষ’ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
তারিখ ও সময় : ৬ জানুয়ারি ২০২০, সকাল ১০:৩০ টা
স্থান : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই সভাপতি জাতির পিতার জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদার সাথে পালন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। তিনি জাতির পিতাকে হৃদয়ে অনুভব করে কর্মসূচী গ্রহণের জন্যও নির্দেশনা প্রদান করেন। এ উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের প্রশাসনাধীন সকল সংস্থা পৃথক পৃথকভাবে অনুষ্ঠানমালার আয়োজন করবে। সকল কর্মসূচী জাতীয় কর্মসূচীর সাথে মিল রেখে গ্রহণ করতে হবে।

অতিরিক্ত সচিব(বিপ্র) জনাব মোহাম্মদ আকবর হসাইন জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মার্চ, ২০২০ থেকে মার্চ, ২০২১ পর্যন্ত ১২ মাসে ১৩টি প্রদর্শনীর প্রস্তাব উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সংস্থাসমূহের সকল অনুষ্ঠানমালায় অংশগ্রহণসহ সার্বিক তত্ত্বাবধান করবেন মর্মে অভিমত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (অব:) জনাব রবীন্দ্রনাথ রায় চৌধুরী প্রস্তাব করেন যে, জনাব আকবর হসাইন কর্তৃক উত্থাপিত প্রদর্শনীগুলি ছাড়াও মুজিব বর্ষ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সংস্থাসমূহের অংশগ্রহণে বছরব্যাপী বিবিধ কর্মসূচী পালন করা যেতে পারে। তিনি সম্ভাব্য কর্মসূচীর একটি তালিকা উপস্থাপন করেন। এছাড়া, স্বাধীনতাপূর্ব সময়ে রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন সম্পর্কে জাতির পিতা কর্তৃক প্রদত্ত একটি ভাষণ পত্রিকায় ছাপা হয়েছিল। ঐ পত্রিকাটি সংগ্রহ করা হয়েছে। উক্ত পত্রিকার কাটিং প্রদর্শনীতে অন্তর্ভুক্ত করা যেতে পারে। মাননীয় মন্ত্রী কর্তৃক ৭ মার্চ এর ভাষণের উপর রচিত গানটি প্রত্যেক অনুষ্ঠানে প্রচারের জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। সার্বিক আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। এ মন্ত্রণালয়ের প্রশাসনাধীন সকল সংস্থায় জাতির পিতার জন্মশতবার্ষিকী—‘মুজিব বর্ষ’ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানমালার আয়োজন করতে হবে;
- ২। মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত কর্মসূচী/অনুষ্ঠান আয়োজন করতে হবে:

ক) প্রদর্শনী:

বিষয়	সময়
(১) মন্ত্রী মহোদয়ের কবিতা	মার্চ/২০২০
(২) বঙ্গবন্ধুর বই	এপ্রিল/২০২০
(৩) বঙ্গবন্ধুর উপর পত্রিকা	মে/২০২০
(৪) বঙ্গবন্ধুর উপর ম্যাগাজিন	জুন/২০২০
(৫) বঙ্গবন্ধু কারেন্সী ও কয়েন শো	জুলাই/২০২০
(৬) বঙ্গবন্ধু স্ট্যাম্প শো (বঙ্গবন্ধু এবং ড. মুহাম্মদ কুদরত-এ খুদার উপরে ডাকটিকেট প্রকাশ)	আগস্ট/২০২০
(৭) বক্তৃতামালা	সেপ্টেম্বর/২০২০
(৮) বঙ্গবন্ধুর ছবি	অক্টোবর/২০২০
(৯) বঙ্গবন্ধুর দেয়াল পত্রিকা	নভেম্বর/২০২০

(১০)	পেইন্টিং	ডিসেম্বর/২০২০
(১১)	বঙ্গবন্ধুর পোস্টার	জানুয়ারি/২০২১
(১২)	বঙ্গবন্ধুর পেপার কাটিং	ফেব্রুয়ারি/২০২১
(১৩)	বঙ্গবন্ধুর উপর বাছাইকৃত সামগ্রীর ওপর প্রদর্শনী	মার্চ/২০২১

- প্রদর্শনী আয়োজনে ফিলেটিক সোসাইটি অব বাংলাদেশের সহযোগিতা গ্রহণ করা হবে।
- প্রদর্শনী আয়োজনের জন্য ১১.০০ লক্ষ টাকা বরাদ্দ করতে হবে।
- সকল প্রদর্শনী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে অনুষ্ঠিত হবে।

খ) অন্যান্য অনুষ্ঠান:

- (১) বঙ্গবন্ধুর উপর শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা - ২টি গ্রুপ;
 - (২) বঙ্গবন্ধুর জীবনীর উপর শিশুদের বক্তৃতা প্রতিযোগিতা-২টি গ্রুপ;
 - (৩) বঙ্গবন্ধুর উপর বিভিন্ন কবির রচিত কবিতা পাঠের আসর;
 - (৪) বঙ্গবন্ধুর উপর এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক রচিত কবিতা পাঠের আসর;
 - (৫) কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনীর নির্বাচিত অংশ পাঠ;
 - (৬) শিশু কিশোরদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু সম্পর্কে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর আলোচনা;
 - (৭) বঙ্গবন্ধুর নামে “নিউক্লিয়ার অলিম্পিয়াড-২০২০”;
 - (৮) বঙ্গবন্ধুর নামে “কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড-২০২০”;
 - (৯) রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন বিষয়ে বঙ্গবন্ধুর ভাবনার উপর জোর দিয়ে রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকায় ব্র্যান্ডিংসহ অনুষ্ঠানের আয়োজন;
- বর্ণিত কর্মসূচীগুলি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত সংস্থার মাধ্যমে আয়োজন করতে হবে।
 - বিভিন্ন অনুষ্ঠানের স্থান ও সময়, বাজেট ও অর্থের উৎস মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের তত্ত্বাবধানে অতিসত্বর নির্ধারণ করতে হবে।
- ৩। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বর্ণিত কর্মসূচী/অনুষ্ঠান ছাড়াও মন্ত্রণালয়ের কর্মকর্তা ও সংস্থাপ্রধানদের নতুন কোন ভাবনা থাকলে তা সিনিয়র সচিবের নিকট উপস্থাপন করার পরামর্শ দেয়া হয়।
- ৪। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(স্বপতি ইয়াফেস ওসমান)

মন্ত্রী

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়